40

দৈনিক বাংলা

তারিখ 22 DEC 1992
পৃষ্ঠা ৮ কলাম ২

২৬

# পাঠ্য পুস্তক ও পাঠ্যক্রমের উন্নয়ন প্রয়োজন ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমিরউদ্দিন সরকার শিক্ষাকে যুগোপযোগী ও আধুনিকীকরণের জন্য পাঠ্যপুস্তক ও পাঠ্যক্রমের উন্নয়নের ওপর গুরুত্ব আরোপ করেছেন।

শিক্ষামন্ত্রী সোমবার ঢাকা "শিশুদের মৌলিক শিখন চাহিদা পূরণ এবং শিখন সফলতা বৃদ্ধি" শীর্ষক দু'দিনব্যাপী জাতীয় কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড এবং বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের যৌথ উদ্যোগে আয়োজিত এ অনুষ্ঠানে শিক্ষা সচিব শফিউল আলম বিশেষ অতিথির ভাষণ দেন। অনুষ্ঠানে সভাপতিত্বে করেন জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারম্যান অধ্যাপক আলী আজম। খবর তথ্য বিবরণীর।

শিক্ষমন্ত্রী বলেন, শিক্ষাদান পদ্ধতিকে সার্থক ও শিশুদের কাছে আকর্ষণীয় করে তুলতে হলে লেখা ও পড়ার সাথে সাথে শিক্ষার্থীদের মধ্যে শোনা ও বলার অভ্যাস গড়ে তুলতে হবে। তিনি বলেন, যে কোন কঠিন বিষয় শ্রবণের মাধ্যমে সহজেই আয়ত্ত করা যায়। তিনি বলেন, নিজেকে অন্যের কাছে প্রকাশ করার ক্ষমতা অর্জন করা শিক্ষার অপরিহার্য অঙ্গ। তিনি প্রাথমিক ও মাধ্যমিক স্তরের পরীক্ষা পদ্ধতিতে লিখিত পরীক্ষার সঙ্গে মৌখিক পরীক্ষা অন্তর্ভুক্ত করার ব্যাপারে চিন্তা-ভাবনা করার জন্য গবেষক ও শিক্ষা বিশেষজ্ঞদের প্রতি আহ্বান জানান।

বিশেষ অতিথির বক্তৃতায় শিক্ষা সচিব বলেন, বর্তমান শিক্ষাদান পদ্ধতি মূলতঃ লেখা ও পড়া নির্ভর এবং এখানে প্রকাশ করার ক্ষমতা বৃদ্ধির কোন সুযোগ নেই।

সভাপতির ভাষণে অধ্যাপক আলী আজম বলেন, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ইতোমধ্যেই প্রথম থেকে চতুর্থ শ্রেণীর পাঠ্যপুস্তক সংশোধনের কাজ শেষ করেছে এবং পঞ্চম শ্রেণীর পুস্তক সংশোধনের কাজ হাতে নিয়েছে।